

## বিষয় - মুদ্রা

১। ক) মুদ্রার সাহায্যে আমরা কী করি?

উ:- মুদ্রার সাহায্যে আমরা জিনিসপত্র কেনাবেচা করি।

খ) আমাদের দেশের মুদ্রার নাম কী?

উ:- আমাদের দেশের মুদ্রার নাম টাকা ও পয়সা।

গ) টোকা, পেয়সা - এগুলি কি সমজাতীয় রাশি? কেন?

উ:- টোকা, পেয়সা - সমজাতীয় রাশি, কারণ এই দুটিই মুদ্রার এককযুক্ত রাশি।

ঘ) টোকা, ঘণ্টা, পেয়সা - এদের মধ্যে কোনটি অসমজাতীয় রাশি? কেন?

( নিজে লেখো )

ঙ) টাকাকে পয়সায় এবং পয়সাকে টাকায় পরিণত করতে কী করবে?

উ:- টাকাকে পয়সায় পরিণত করতে ১০০ দিয়ে গুণ করব।

পয়সাকে টাকায় পরিণত করতে ১০০ দিয়ে ভাগ করব।

চ) মিশ্ররাশি কাকে বলে?

উ:- যখন দুই বা ততোধিক সমজাতীয় রাশি পাশাপাশি বসে একটি রাশি হিসাবে প্রকাশ পায়, তাকে মিশ্ররাশি বলে। যেমন - ২০টাকা ৫০পয়সা, ১২ঘণ্টা ১৫মিনিট, ২বছর ৫মাস।

ছ) i) পয়সা কত অঙ্কে লিখতে হয়? ( নিজে লেখো )

ii) টাকা-পয়সার অঙ্কে দশমিক বিন্দু কোথায় বসে? ( নিজে লেখো )

iii) দশমিক বিন্দু বসালে কী একক হয়? ( নিজে লেখো )

iv) টাকা ও পয়সার অঙ্কে দশমিক বিন্দুর কাজ কী?

উ:- টাকা-পয়সার অঙ্কে দশমিক বিন্দুর কাজ ( টাকার অঙ্ক ও পয়সার অঙ্কের মাঝে বসে ) টাকা ও পয়সাকে আলাদা করা। যেমন - ৫ টাকা ৫০পয়সা কে দশমিকে লিখলে /টাকায় পরিণত করলে হয় ৫.৫০ টাকা।

জ) দশমিকে লেখো/ টাকায় পরিণত করো:- ( নিজে লেখো )

৮ টাকা ৫০ পয়সা, ৮টাকা ৫পয়সা, ২৫পয়সা, ২৫টাকা ৬পয়সা, ৭পয়সা, ৩২৮পয়সা, ৩টাকা,

৮৭৫০০পয়সা |

এছাড়া 'নিজের অঙ্ক নিজে কর' বই, অনুশীলনী-১৪ এর ১, ২, ৩, ৪ ও ৫ বাড়িতে অভ্যাস করবে।

২। ক) দশমিকে লিখে যোগ করো: ( নিজে করো )

৮৩টাকা ৫পয়সা, ৫৮৭৫পয়সা, ৬০টাকা, ৫৬পয়সা, ৫টাকা ৭পয়সা।

খ) দশমিকে লিখে বিয়োগ করো : ( নিজে করো )

৭৫৩৫০পয়সা, ১০০০টাকা ৮পয়সা।

[ গুণ ও ভাগের ক্ষেত্রে গুণ্য/ভাজ্যকে পয়সায় পরিণত করে গুণ/ভাগ করবে ]

গ) গুণ করো : ( উত্তর টাকায় লিখবে ) ( নিজে করো )

৭৩৪টাকা ৫পয়সা  $\times$  ৫৮

ঘ) ভাগ করো : ( উত্তর টাকায় লিখবে ) ( নিজে করো )

৩৭৪টাকা ৪০পয়সা  $\div$  ৩৬

এছাড়া 'নিজের অঙ্ক নিজে কর' বই অনুশীলনী-১৪, ৬।এর দাগের অঙ্কগুলি বাড়িতে অভ্যাস করবে।

৩। নিম্নলিখিত সমস্যাগুলির সমাধান করো : ( নিজে লেখো )

ক) একজন লোক ১৪৫.৯৫টাকার জিনিস কেনার পর দেখলেন তখনও তাঁর কাছে ৫৪টাকা ৫পয়সা আছে।

তিনি কত টাকা নিয়ে বাজারে গিয়েছিলেন? ( নিজে

করো )

খ) রমেনবাবু ২৩৬২টাকায় জিনিস কিনে ১৯৯৯.৫০টাকায় বিক্রি করলে তার কত লাভ বা ক্ষতি হল?

গ) একজন কৃষক চাল বিক্রি করে ৪৮৭.৭৫টাকা পেয়েছেন। ওই টাকা থেকে তিনি ২২৫.৩৫টাকা র সার ও ১১৫.৭৫টাকার কাপড় কিনলেন। তাঁর নিকট আর কত টাকা রইল?

ঘ) ২ডজন ৪টি পেনের দাম ৫৬টাকা হলে, একটি পেনের দাম কত?

ঙ) এক ব্যক্তি ১২০.৮০টাকা দামের ৪২ টি চায়ের প্যাকেট ও ১২৪.২০টাকা দামের ২৬টি দুধের প্যাকেট কিনলেন। তাঁর চা ও দুধ কিনতে মোট কত খরচ হল?

এছাড়া অনুশীলনী-১৪ (নিজের অঙ্ক নিজে কর বই) এর ৭। থেকে ১৩।এর দাগের অঙ্ক গুলি বাড়িতে অভ্যাস করবে।